

2018/SEM/ODD/BNGH-101/190


TDC Odd Semester Exam., 2018

BENGALI
(Honours)

(1st Semester)

Course No. : BNGH-101

(বাংলা সাহিত্যের ইতিহাস)



পূর্ণমান : ৫০

উত্তীর্ণমান : ১৭

সময় : ২ ঘণ্টা

পাশ্চাত্ত সংখ্যা পূর্ণমান নির্দেশক

১। 'চর্যাপদ'-এর পুথিটি কে, কত খ্রিষ্টাব্দে, কোথা থেকে আবিষ্কার করেছিলেন? চর্যাগীতির একটি সাধারণ পরিচয় দাও। ৩+১১=১৪


অথবা

২। শ্রীচৈতন্যের পিতা-মাতার নাম লেখো। শ্রীচৈতন্যের প্রথম জীবনীগ্রন্থটির নাম কী? এটি কোন্ ভাষায় লেখা? বৃন্দাবন দাসের 'চৈতন্যভাগবত' গ্রন্থে ষোড়শ শতকের বাংলার সমাজজীবনের ছবি ফুটে উঠেছে। আলোচনা করো।

২+১+১+১০=১৪

৩। মধ্যযুগের বাংলা সাহিত্যের প্রাচীনতম নিদর্শন কোনটি? গ্রন্থটি কোথায় পাওয়া যায়? এর রচয়িতা এবং আবিষ্কর্তার নাম লেখো। এই গ্রন্থটির বিষয়বস্তু সম্পর্কে সংক্ষেপে আলোকপাত করো।

১+১+২+১০=১৪



অথবা

৪। ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগর বিরচিত দুটি গদ্যগ্রন্থের নাম লেখো। বাংলা
গদ্যের বিকাশে ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগরের অবদান বিষয়ে একটি
নিবন্ধ লেখো।

২+১২=১৪

৫। বিহরীলাল চক্রবর্তীর প্রথম কাব্যগ্রন্থটির নাম কী? তাকে
'ভোরের পাখি' অভিধাটি কে দিয়েছিলেন? তাঁর শ্রেষ্ঠ
কাব্যগ্রন্থটির নাম কী? উনিশ শতকের বাংলা গীতিকবিতার
ইতিহাসে বিহরীলাল চক্রবর্তীর অবদান সম্পর্কে আলোচনা
করো।

১+১+১+১১=১৪

অথবা

৬। 'কুলীন কুল সর্বস্ব' এবং 'নীলদর্পণ' নাটক দুটির রচয়িতাদের
নাম লেখো। মধুসূদন দত্তের নাট্যসাহিত্যের সংক্ষিপ্ত পরিচয়
দাও।

২+১২=১৪

৭। টীকা লেখো (যে কোনো দুটি) :

(ক) নারায়ণদেব

(খ) কাশীরাম দাসের মহাভারত

(গ) বৃহৎসংহার কাব্য

(ঘ) বঙ্কিমচন্দ্রের সামাজিক উপন্যাস

৪×২=৮